

“দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়”।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd


স্মারক নং ১৩.০১.০০০০.১৪০.৪৮.০১৯.২১-২২১

তারিখঃ ০২/০৮/২০২১ খ্রিঃ।

তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন “ফি”র সর্বশেষ মেয়াদ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় ভৌত কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। সে কারণে ২০২১-২০২২ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি জমা দানের মেয়াদ গত ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখ হতে ১৫/০৯/২০২১ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কিছু সংখ্যক ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক নবায়ন ফি জমা প্রদান করতে না পারায় পুনরায় নবায়ন ফি জমা প্রদানের জন্য আবেদন করে। উক্ত ঠিকাদারদের আবেদনের প্রেক্ষিতে আগামী ২০/১০/২০২১ তারিখ পর্যন্ত নবায়ন ফি পুনরায় জমা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু ইদে মিলাদুন্নবী উপলক্ষ্যে নির্ধারিত সরকারি ছুটি ১৯/১০/২০২১ তারিখের পরিবর্তে ২০/১০/২০২১ তারিখ নির্ধারণ করা হয়েছে যার কারণে লাইসেন্স নবায়ন ফি জমা প্রদানের সর্বশেষ নির্ধারিত ২০/১০/২০২১ তারিখের পরিবর্তে পুনরায় ২১/১০/২০২১ তারিখ নির্ধারণ করা হলো।

সে মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা পূর্ববর্তী সকল শর্ত অপরিবর্তিত রেখে আগামী ২০/১০/২০২১ তারিখের পরিবর্তে ২১/১০/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং- ৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


C
১৭/১০/২০২১

(মোঃ মুসলিম উদ্দিন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ই-মেইল se.mu@dgfood.gov.bd

✍

তারিখঃ ১০/৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং ১৩.০১.০০০০.১৪০.৪৮.০১৯.২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল),

৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৮। মাষ্টার কপি;

৯। অফিস কপি।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।